

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭১৫

আগরতলা, ১৫ মে, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“ডেমডুম উপস্বাস্থ্যকেন্দ্র জন্ম থেকেই অসুস্থ, রোগীদের দুর্ভোগ,” এই শিরোনামে গত ১৪ মে, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পক্ষ থেকে প্রেরিত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, ডেমডুম এএএম-এইচএসসি উনকোটি জেলার কাঞ্চনবাড়ি এএএম-পিএইচসি-এর অধীনে অবস্থিত একটি আইপিএইচএস বিল্ডিং এবং এটি সম্পূর্ণরূপে কার্যকরী। ডেমডুম এএএম-এইচএসসিতে একজন সিএইচও (পুরুষ), একজন এমপিডব্লিউ (মহিলা) এবং চারজন আশাকর্মী রয়েছেন। এই উপস্বাস্থ্যকেন্দ্রটি সরকারি মানদণ্ড অনুযায়ী ১২ ধরনের পরিষেবা প্রদান করছে। প্রয়োজনীয় ওষুধের তালিকা (ইডিএল) অনুযায়ী ওষুধও পাওয়া যায়। এছাড়াও, এই উপস্বাস্থ্যকেন্দ্রে জল সরবরাহ ও বিদ্যুৎ উভয়ই উপলব্ধ আছে। এই উপস্বাস্থ্যকেন্দ্রটি সরকার নির্দেশিত সকল নিয়মকানুন অনুসরণ করে সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সুতরাং প্রকাশিত সংবাদটি সঠিক নয়।
